নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সপ্তম (৭ম) সাধারণ সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. সেলিনা হায়াৎ আইভী<br>মেয়র<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৪/০৭/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ: সোমবার |
| সময় | : | বেলা ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | **সভাকক্ষ (৫ম তলা), নগরভবন, নারায়ণগঞ্জ।** |

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য) ।

মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী মহোদয়ের সভাপতির আসন গ্রহণ করেন এবং পরিষদের সম্মানীত কাউন্সিলরদের সভায় স্বাগত জানান এবং আলোচ্যসূচি অনুযায়ী সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন।

### আলোচ্যসূচি- ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত : সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার বদলী জনিত কারনে সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া গত ১৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ মঙ্গলবার অনুষ্ঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন পরিষদের ষষ্ঠ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার আলোচ্যসুচি অনুযায়ী বিভাগ/শাখা ভিত্তিক সুস্পষ্ট প্রতিবেদন বিস্তারিতভাবে তুলে ধরা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
বাস্তবায়নে: কাউন্সিলর, কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

### আলোচ্যসুচি- ২: রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

আলোচনা: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন মে/ ২০২৩ হতে জুন/ ২০২৩ মাস পর্যন্ত রাজস্ব আদায়ের নিম্নবর্ণিত অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
রাজস্ব আদায় : অর্থবছর ২০২২-২০২৩ : (মে/ ২০২৩ হতে জুন/ ২০২৩)

| অঞ্চল | আদায়ের খাত | ২০২২-২০২৩ অর্থবছরের দাবী | জুন/২০২৩ মাস পর্যন্ত আদায় | অনাদায়ের পরিমাণ (বকেয়া সহ) | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ২৯,৫০,৭১,৪৫৩/- | ১০,৯৮,৮৭,৮৮৭/- | ১৮,৫১,৮৮,৫৬৬/- | ৩৭.২৪% |
| | ট্রেড লাইসেন্স | ৪,০০,০০,০০০/- | ২,২৪,৮৯,৪৭৫/- | ১,৭৫,১০,৫২৫/- | ৫৬.২২% |
| | দোকান ভাড়া | ২,৫০,২০,৬০০/- | ২,৩৬,৪১,৫৫৯/- | ১৩,৭৯,০৪১/- | ৯৪.৪৮% |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ২৮,৪৬,২১,৭৯৪/- | ১৪,৫৩,১৫,৫৭৯/- | ১৩,৯৩,০৬,২১৫/- | ৫১.০৫% |
| | ট্রেড লাইসেন্স | ৩,৭০,০০,০০০/- | ১,৫০,৮৯,৯৪১/- | ২,১৯,১০,০৫৯/- | ৪০.৭৮% |
| | দোকান ভাড়া | --- | --- | --- | --- |
| কদমরসুল | পৌরকর | ৮,৯০,৩৩,৫৭৮/- | ৬,১৩,৯৩,৫১৮/- | ২,৭৬,৪০,০৬০/- | ৬৮.৯৫% |
| | ট্রেড লাইসেন্স | ১,০০,০০,০০০/- | ৫০,৮৮,৮৭০/- | ৪৯,১১,১৩০/- | ৫০.৮৮% |
| | দোকান ভাড়া | ৫,৬০,৬৭০/- | ৫,৩০,৮৪০/- | ২৯,৮৩০/- | ৯৪.৬৭% |

সিদ্ধান্ত: (১) ওয়ার্ড ভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা। (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদের কে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চল ভিত্তিক কাযক্রম গ্রহণ (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোড়ালোভাবে সম্পন্ন করা (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং বকেয়া পৌরকর আদায়ে ১৫% ছাড় প্রদান করে আদায় কার্যক্রম পরিচালনা করাসহ রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, দোকানভাড়া ও মার্কেট সেলামী আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি- ৩: মে/ ২০২৩ হতে জুন/২০২৩ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

আলোচনা: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন গত ০২ মাসের নিম্নরূপ আয়-ব্যয় অবহিত করেন ।

| খাত | মে/২০২৩ | জুন/২০২৩ |
|---|---|---|
| রাজস্ব আয় | ৪,৫৮,০৫,৩৮৩/- | ৭,৭৫,৮৯,৯৩৯/- |
| উন্নয়ন আয় (থোক বরাদ্দ থেকে) | --- | ৪,৫৫,৩৭,৫০০/- |
| মোট আয় | ৪,৫৮,০৫,৩৮৩/- | ১২,৩১,২৭,৪৩৯/- |
| রাজস্ব ব্যয় | ৪,২১,৪৫,৭৫৬/- | ৫,৪৯,০৩,৫২০/- |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব থেকে) | ৩,০৩,৭৩,৬৭৪/- | ৬,৩৪,৮৭,৭১৮/- |
| মোট ব্যয় | ৭,২৫,১৯,৪৭০/- | ১১,৮৩,৯১,২৩৮/- |

এ বিষয়ে সভাপতি মহোদয় জানান, ওয়ার্ড সচিবসহ সকল দক্ষ শ্রমিক/ মাষ্টাররুল কর্মচারীদের পারিশ্রমিক বাড়ানো হয়েছে। ফলে সিটি কর্পোরেশনের আর্থিক ব্যয় বৃদ্ধি পেয়েছে। বকেয়া পৌরকর ও ট্রেড লাইসেন্স ফী আদায়ের লক্ষ্যে তিনি সকল কাউন্সিলরগণের সহযোগীতা কামনা করেন। কাউন্সিলরগণ ধন্যবাদ দিয়ে এ ব্যাপারে সহযোগীতা করার জন্য সভাপতি মহোদয়কে আশ্বস্ত করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**<u>সিদ্ধান্তঃ</u>** বিস্তারিত আলোচনান্তে, মে/ ২০২৩ ও জুন/ ২০২৩; গত ০২ মাসের আয়-ব্যয় হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নেঃ** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি -৪: উন্নয়নমুলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলোচনা।

আলোচনা: এ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ, পর্যায়ক্রমে অঞ্চল ভিত্তিক উন্নয়নমুলক কার্যক্রমসমূহের (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সভাকে অবহিত করেন।

<u>সিদ্ধিরগঞ্জ অঞ্চল :</u>

১। ওটিএম পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০১৬-২০১৭, তাং-০৬/১১/২০১৬ (নিজস্ব) এর ০১(এক) টি প্রকল্পের কাজ চলমান, অগ্রগতি ৯৯%।
২। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং- ১৫/২০১৮-২০১৯, তাং-২৫/০২/২০১৯ (ডিপিপি-৪৬১.২৫) এর ০৬(ছয়) টি প্রকল্পের মধ্যে ৪টি সম্পন্ন হয়েছে, ২টি চলমান, গড় অগ্রগতি ৯৩% ।
৩। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং-২৬/২০২০-২১, তাং-২৩/০৬/২০২১ (নিজস্ব) এর ০১টি প্রকল্পের কাজ চলমান অগ্রগতি ৬৫%।
৪। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং-০৩/২০২১-২২, তাং-০৩/১০/২০২১ (নিজস্ব) এর ০১টি প্রকল্পের কাজ চলমান অগ্রগতি ৭৫%।

<u>নতুন প্রকল্পের তালিকা:</u>

| ক্রমিক নং | প্রকল্পের নাম | দৈর্ঘ্য (মিঃ) | প্রস্থ (মিঃ) | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|
| ১) | মাদানীনগর মাদ্রাসার সম্মুখে জনাব রহুল আমীন সাহেবের বাড়ী হতে উত্তর দিকে আব্দুল করিমের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৩) | ৬৫.০০ | ৩.৬৫ | ২৫,৫৭,৯৭৮.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২) | মাদানীনগর মাদ্রাসার সম্মুখে জনাব আতাউর মাষ্টারের বাড়ী হতে উত্তর দিকে মনছুর সাহেবের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৩) | ৬৫.০০ | ৩.০৫ | ২৫,২৫,১২৮.১৬ |
| ৩) | মৌচাক বাসস্ট্যান্ড নিমাইকাশারী অভিমুখী এপ্রোচ রাস্তা আরসিসি করণ ও আংশিক আরসিসি ড্রেন নির্মাণ। (ওয়ার্ড নং- ০৩) | রাস্তা-১৫৩.৫০<br>ড্রেন-৫৫.০০ | রাস্তা-৯.০৮<br>ড্রেন-১.০০ | ১,১৭,০৭,০২০.৫০ |
| ৪) | নিমাইকাশারী মজিবুর রহমান সাহেবের বাড়ী হতে পূর্ব দিকে বীর মুক্তিযোদ্ধা আঃ মান্নান সাহেবের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৩) | ১৭৫.০০ | ৩.০৫ | ৬৫,৫১,২৭৮.৮৯ |
| ৫) | বাংলাদেশ পেপার মিল হতে দক্ষিণ-পশ্চিম দিকে মালেক সাহেবের বাড়ী হয়ে আব্দুল মজিদের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৪) | ৮৫.০০ | ৩.৬৫ ও ১.৮৩ | ৩৬,৯০,২৯৯.২৭ |
| ৬) | শিমরাইল তাজ জুট মিল হতে দক্ষিণ-পশ্চিম দিকে আউয়াল সাহেবের বাড়ী হয়ে হাফিজ উদ্দিন সাহেবের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৪) | ৬৫.০০ | ২.৪৩ ও ১.৫৬ | ২২,৫১,২৯৮.৩৬ |
| ৭) | শিমরাইল উত্তরপাড়া সলিমন সাহেবের বাড়ী হতে দক্ষিণ-পশ্চিম দিকে মফিজ উদ্দিন পীর সাহেবের বাড়ী হয়ে জাহাঙ্গীরের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৪) | ৩১০.০০ | ২.৪৩ | ৯৯,৬২,৬১২.৯০ |
| ৮) | শিমরাইল উত্তরপাড়া করিম সাহেবের বাড়ী হতে পশ্চিম দিকে বারেক সাহেবের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৪) | ১৩০.০০ | ২.৪৩ | ৪১,৭৭,৪৯৫.০০ |
| ৯) | শিমরাইল ডেমরা রোড হতে ড্যানিশ গেইট পর্যন্ত ডিপিডিসি কর্তৃক কর্তনকৃত রাস্তা আরসিসি দ্বারা মেরামতকরন। (ওয়ার্ড নং- ০৪) | ৮৯০.০০ | ১.২০ | ৭৪,৯২,৪৮২.০০ |
| ১০) | (ক) মন্ডলপাড়া কবরস্থান এলাকায় মা ফাতেমা মসজিদের সামনে ৮ মিটার ক্রস ড্রেন (খ) মন্ডলপাড়া রেললাইন পুল সংলগ্ন ৮০ মিটার ড্রেন (গ) মুনলাইট পশ্চিম, হক সাহেবের পুকুর হতে মেইন রোড পর্যন্ত ৪০ মিটার ড্রেন (ঘ) মুনলাইটপূর্ব হান্নানের বাড়ী হতে মেইন রোড পর্যন্ত ৪০ মিটার ও (ঙ) শাহাবুদ্দিন মেম্বারের বাড়ী হতে এবাদিল্লাহ জামে মসজিদ হয়ে খাল পর্যন্ত ১৬১ মিটার আরসিসি ড্রেন নির্মাণ। (ওয়ার্ড নং- ০৬) | ৩২৮.০০ | ০.৯.০০ | ৭৭,৫০,৩৬০.৪১ |
| ১১) | কদমতলী পশ্চিম নয়াপাড়া আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৭) | ১২০.০০ | ৪.৮৮ | ৬৮,৯৮,৬৮৩.০০ |
| ১২) | কদমতলী হতে এম ডব্লিউ উচ্চ বিদ্যালয় পর্যন্ত এপ্রোচ রোড বিসি দ্বারা মেরামতকরন। (ওয়ার্ড নং- ০৭)<br>অথবা কদমতলী বাসস্ট্যান্ড হতে এম ডব্লিউ উচ্চ বিদ্যালয় পর্যন্ত এপ্রোচ রোড আরসিসি করন। (ওয়ার্ড নং- ০৭) | ৪৬.৭০ | ৮.৪৩ | ১০,৬৮,৩৩৬.৩৬<br>অথবা<br>২৪,৭৮,৮০১.১৬ |
| ১৩) | গোদনাইল ভূইয়াপাড়া রেললাইন হতে পশ্চিম দিকে জনাব রহিমা বেগমের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৮) | ১২০.০০ | ৩.৬৫ | ৪৯,২৭,৭৯৯.৬২ |
| ১৪) | গোদনাইল ভূইয়াপাড়া রেললাইন হতে পশ্চিম দিকে সাংবাদিক জনাব ছালাম সাহেবের বাড়ী পর্যন্ত মাটি ও ইউনিব্লক দ্বারা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৮) | ৬৫.০০ | | ২০,৫২,৯৭৯.০০ |
| ১৫) | ২নং ঢাকেশ্বরী বাসস্ট্যান্ড হতে পশ্চিমে আরকে পার্ক পর্যন্ত পদ্মা অয়েল কোম্পানী কর্তৃক রাস্তা আরসিসি দ্বারা মেরামতকরন। (ওয়ার্ড নং- ০৮) | ৭৯০.০০ | ১.৩৯ | ৬৫,২৪,৭৬৪.০০ |
| ১৬) | পাঠানটুলী কবরস্থান উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন করন। (ওয়ার্ড নং- ০৮) | | | ১০,১১,৪৭,১৯১.২২ |
| ১৭) | মধুগড় রহুল আমিনের বাড়ী হতে উত্তরে সাইদুলের বাড়ী ও দক্ষিণে পাকা রোড পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৮) | ২০০.০০ | ৩.৬৫ | ৯২,৬১,১১৭.৪২ |
| ১৮) | জালকুড়ি বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত কবরস্থানের বাউন্ডারী ওয়াল (দুই দিকের) নির্মাণ। (ওয়ার্ড নং- ০৯) | ৭৫.০০ | | ৩৩,৬৮,৮১৩.৪৫ |
| ১৯) | জালকুড়ি পশ্চিমপাড়া “এ” ব্লকে সিন্ডিকেট গার্মেন্টস হতে দক্ষিণ দিকে (ফতুল্লা ষ্টেডিয়াম অভিমুখী রাস্তা) চেইঃ ০০মি. হতে ১৭০ মি. পর্যন্ত আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন। (ওয়ার্ড নং- ০৯) | ১৭০.০০ | ৯.১৫ | ৯৬,১৭,০৮৮.০০ |
| ২০) | জালকুড়ি পশ্চিমপাড়া “এ” ব্লকে সিন্ডিকেট সহিদুর রহমান সাহেবের জায়গা হতে পূর্ব দিকে লিংক রোড পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৯) | ১৫০.০০ | ৩.৬৫ | ৯১,১৪,২০২.৯৫ |
| ২১) | জালকুড়ি পশ্চিমপাড়া “এ” ব্লকে নীট সিন্ডিকেট গার্মেন্টস হতে দক্ষিণে ফতুল্লা ষ্টেডিয়াম রোড পর্যন্ত আরসিসি ড্রেনসহ রাস্তা নির্মাণ। (ওয়ার্ড নং- ০৯) | ৫১৫.০০ | ৯.৫০ | ৩,৫৪,৪৮,৩০৩.০০ |

২০২৩-২০২৪ অর্থ বছরে ড্রেন পরিষ্কারকরন কাজের তালিকা ঃ

| ক্রমিক নং | কাজের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | ১ ও ২নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৪,৯৯,০৫৫.০০ |
| ০২ | ২ ও ৩নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৪,৯৪,৩৩৬.০০ |
| ০৩ | ৩, ৪ ও ৫নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৪,৯৬,৬৯৬.০০ |
| ০৪ | ৫, ৬ ও ৯নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৫,১৭,৯৩২.০০ |
| ০৫ | ৭নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৪,৯৫,৫১৬.০০ |
| ০৬ | ৮নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কারকরণ। | ৩,৮৯,৩৩৪.০০ |

নারায়ণগঞ্জ অঞ্চল :

(১) দরপত্র বিজ্ঞপ্তি নং-১০/২০১৮-১৯, তারিখ: ০৯/১২/২০১৮, (নিজস্ব) এর ১টি প্রকল্পের মধ্যে ০১টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৯৫%।
(২) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৮/২০১৮-২০১৯, এর ৪টি প্রকল্পের মধ্যে ৪টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৬%।
(৩) দরপত্র বিজ্ঞপ্তি নং-২৮/২০১৮-১৯, এর ৬টি প্রকল্পের মধ্যে ৩টি সমাপ্ত ও ৩টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৯১%।
(৪) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৩/২০১৯-২০, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৮৮%।
(৫) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৭/২০১৯-২০, এর ১টি প্রকল্পের (অপরাজিতা স্কুল ভবন) অগ্রগতি ৯৪%।
(৬) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৮/২০১৯-২০, এর ১টি প্রকল্পের (নগর ভবন ৩য় অংশ) কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৮%
(৭) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৬/২০২০-২১, এর ৮টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ৬টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৫৫%
(৮) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৯/২০২০-২১, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৯২%
(৯) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০২১-২২, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ১৫%
(১০) দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২৩, এর ১টি প্রকল্পের মধ্যে ১টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৭৫%
(১১) দরপত্র বিজ্ঞপ্তি নং-২৫/২০১৮-১৯(সেবক কলোনী), এর ৩টি প্রকল্পের মধ্যে ১টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৯৭%
(১২) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০২০-২১, এর ২টি প্রকল্পের মধ্যে ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৭৫%

কদমরসুল অঞ্চল :

০১। দরপত্র বিজ্ঞপ্তি নং-২২/১৮-১৯ (DPP-460.00) মোট=৪ টি তম্মধ্যে সমাপ্ত হয়েছে=০৩ টি, চলমান =০১ টি, গড় অগ্রগতি=৯৮%
০২। দরপত্র বিজ্ঞপ্তি নং-২৫/১৮-১৯ (DPP-114.42 sabok colony), মোট=৩ টি তম্মধ্যে সমাপ্ত হয়েছে =০১ টি, চলমান =০২ টি, গড় অগ্রগতি=৯৭%
০৩। দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০-২১ (DPP-114.42 sabok colony), মোট=২ টি তম্মধ্যে সমাপ্ত হয়েছে =০০ টি, চলমান =০২ টি, গড় অগ্রগতি=৭৫%
০৪। দরপত্র বিজ্ঞপ্তি নং-১৯/২০২০-২১ (OTM) এর মোট প্রকল্প সংখ্যা ০৯ টি তম্মধ্যে সমাপ্ত হয়েছে=০৩ টি, চলমান =০৫ টি, (স্থগিত করা হয়েছে=০১টি) গড় অগ্রগতি=৭১%
০৫। দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০২২-২৩ (DPP-461.25) মোট=০৩ টি তম্মধ্যে সমাপ্ত হয়েছে=০০ টি, চলমান =০৩ টি, গড় অগ্রগতি=২২%

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজসমুহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

আলোচ্যসুচি- ৫: ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সম্পর্কিত আলোচনা।

আলোচনা: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩অর্থ বছরের সংশোধিত বাজেট নএবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের খাতভিত্তিক আয় ও ব্যয় বিবরনী সভায় উপস্থাপন করেন।

২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রারম্ভিক স্থিতি=১৮৭,৪৯,৮১,৮৮৮.৬৬ টাকা, রাজস্ব আয়=১১৪,৪৪,৯৫,৯৮৪.৭৮ টাকা, পানি সরবরাহ বাবদ আয়=২৪,৪৯,৫১,৯৯৬.৭৩ টাকা, উন্নয়ণ আয়=৩৩৮,৯৩,৮৩,১৪১.০০ টাকা, সর্বমোট আয়= ৬৬৫,৩৮,১৩,০১১.১৭ টাকা এবং রাজস্ব ব্যয়= ৬৮,৩৫,৬৫,৭২৫.১৫ টাকা, পানি সরবরাহ বাবদ ব্যয়= ২৪,৬৮,৫৩,৪১২/- টাকা, উন্নয়ণ ব্যয়= ৫৪১,৩৭,৩১,৭১৭.০০ টাকা, সর্বমোট ব্যয়= ৬৩৪,৪১,৫০,৮৫৪.১৫ টাকা ও মোট উদ্বৃত্ত= ৩০,৯৬,৬২,১৫৭.০৩ টাকা।

২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে প্রারম্ভিক স্থিতি= ৩০,৯৬,৬২,১৫৭.০৩ টাকা, রাজস্ব আয় ধরা হয়েছে= ১৫৪,৯৫,৬৭,৫৪৬.২৭ টাকা পানি সরবরাহ বাবদ আয়= ৩৩,৩৩,৫৭,২১৫.৭৩ টাকা, উন্নয়ণ আয়= ৪৭৫,৮১,৭২,০০০.০০ টাকা, সর্বমোট আয়= ৬৯৫,০৭,৫৮,৯১৯.০২ টাকা এবং রাজস্ব ব্যয় ধরা হয়েছে= ৯৫,৬৪,৪০,০০০.০০ টাকা, পানি সরবরাহ বাবদ ব্যয়= ৩২,৮৭,২৫,০০০/- টাকা, উন্নয়ণ ব্যয়= ৫৪৪,৬২,৬৮,৯১৪.০০ টাকা ও সর্বমোট ব্যয়= ৬৭২,১৪,৩৩,৯১৪.০০ টাকা। মোট উদ্বৃত্ত= ২২,৯৩,২৫,০০৫.০২ টাকা। উক্ত বাজেটের উপর বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে, (১) ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ৬৬৫,৩৮,১৩,০১১.১৭ এবং ২০২৩-২০২৪ অর্থবছরের ৬৯৫,০৭,৫৮,৯১৯.০২/- টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। (২) জনসম্মুখে বাজেট ঘোষনা অনুষ্ঠান যথাশীঘ্র আয়োজনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি -৬: পানি সরবরাহ বিভাগের নিয়মিত সেবা প্রদান কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

আলোচনা ৬(১): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব এস এম মাসুদ পারভেজ সভাপতি মহোদয়সহ উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি বলেন- ওয়াসা, নারায়ণগঞ্জ জোন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধিভুক্ত হয়েছে গত ৩১ অক্টোবর, ২০১৯ খ্রিঃ অর্থাৎ ১ নভেম্বর, ২০১৯ হতে ঢাকা ওয়াসার নারায়ণগঞ্জ জোন এর দায়িত্ব নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের। বর্তমানে তা পানি সরবরাহ বিভাগ নামে কার্যক্রম পরিচালনা করছে। জীবানুমুক্ত ও নিরাপদ পানি সরবরাহের আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা নিম্নরুপ:

<u>দৈনিক কার্যক্রম ঃ</u>

১। বর্তমানে ৩৩টি গভীর নলকূপ কম্পাউন্ডে ৩৪টি নলকূপ সচল রয়েছে। যার মাধ্যমে দৈনিক প্রায় ৮.১৬ কোটি লিটার পানি উৎপাদন করা হচ্ছে।
২। গোদনাইল ওয়াটার ওয়ার্কস হতে প্রতিদিন প্রায় ২.৩০ (দুই কোটি) ত্রিশ লক্ষ লিটার পানি উৎপাদন করা হচ্ছে।
৩। সোনাকান্দা ওয়াটার ওয়ার্কস হতে প্রতিদিন প্রায় ৬৫ (পঁয়ষট্টি) লক্ষ লিটার পানি উৎপাদন করা হচ্ছে।
সর্ব মোট = ৮.১৬+২.৩০+০.৬৫ = ১১.১১ (এগার কোটি এগার লক্ষ) লিটার পানি উৎপাদন করে নেটওয়ার্কে সরবরাহ করা হচ্ছে।
৪। তাছাড়া নেটওয়ার্ক এলাকার কোথাও লিকেজ বা ময়লা-দূর্গন্ধযুক্ত পানি পেলে অভিযোগ পাওয়ার সাথে সাথে লিকেজ মেরামত এবং ময়লা পানি দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।
৫। রাজস্ব শাখা কর্তৃক ফিল্ড লেভেলে পানির বিল আদায় করতঃ বকেয়া আদায় তদারকি করার কার্যক্রম অব্যহত রয়েছে। সেই সাথে পানির বিল আদায় ও নেটওয়ার্ক সহজীকরণের লক্ষ্যে হোল্ডিং এর জরিপ কাজ চলমান।
৬। জরুরী প্রয়োজনে পানির লাইন সম্প্রসারণ, পরিবর্তন, পরিবর্ধন এর কাজ করা হচ্ছে।
৭। পানি সরবরাহের রাজস্ব আদায়ে নিজস্ব সফটওয়্যার এর মাধ্যমে বিল জারি হচ্ছে।
৮। ব্যক্তি মালিকানায় গভীর নলকূপ স্থাপন এবং পানির সার্ভিস সংযোগ অনুমোদন কার্যক্রম চলমান আছে।
৯। বিদ্যমান ওয়াটার ওয়ার্কস ও গভীর নলকূপসমূহের ফিল্ড মেইন্টেনেন্স ওয়ার্ক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

<u>ভবিষ্যৎ পরিকল্পনাঃ</u>

১। দেওভোগ ছোনখোলা নতুন স্থাপিত পানির পাম্প টি সচলের চুড়ান্ত পর্যায়ে রয়েছে।
২। ADB এর সহায়তায় UIIPF প্রকল্প চলমান TA
৩। Narayanganj Green & Resident Urban Development Project আসন্ন।
৪। উক্ত প্রকল্পের আওতায় ২০০ কি: মি: নতুন পানির লাইন স্থাপিত হবে। এতে লিকেজ, অবৈধ গ্রাহক ইত্যাদি হ্রাস পাবে মর্মে আশা করা যায়।
৫। পানি সরবরাহ হবে আধুনিক DMA (District Metered Area) পদ্ধতির। যেখানে ওয়ার্ড ভিত্তিক Non-Revenue Water (NRW) তথা System loss হিসাব করা যাবে। ফলে সমস্যা খুঁজে পেতে সহজ হবে। পানি অপচয় হ্রাস পাবে।
৬। নেটওয়ার্ক হবে প্রেসারাইজড পদ্ধতির। ফলে ২৪ ঘন্টা পানি সরবরাহ নিশ্চিত করা যাবে।

আলোচনা ৬(২): <u>**পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার সার্বিক বিষয়ে আলোচনা:**</u> কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব এস এম মাসুদ পারভেজ জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ সংযোগের বিপরীতে বিলিং সফটওয়ার তৈরির কার্যক্রম চুড়ান্ত পর্যায়ে। বিল তৈরির কাজ চলমান। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নামে তৈরিকৃত বিলিং সফটওয়ারের মাধ্যমে বিল পিন্টিংয়ের লক্ষ্যে বিলিং কাগজও ছাপানো হয়েছে। উক্ত বিলিং সফটওয়ারটি তৈরির লক্ষ্যে গত ০১/০৬/২০২৩ইং তারিখ হতে ইতোপূর্বে ঢাকা ওয়াসার ব্যবহৃত বিলিং সফটওয়ারটি আনুষ্ঠানিক ভাবে বন্ধ রাখা হয়। বিষয়টি গণবিজ্ঞপ্তির মাধ্যমে গ্রাহকদের অবহিত করা হয়েছে। এখানে উল্লেখ্য ৩১/১০/২০১৯ইং

তারিখে নারায়ণগঞ্জ শহরে ঢাকা ওয়াসার কার্যক্রম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করার নিমিত্তে ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা এবং মাননীয় মেয়র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত স্মারক স্বাক্ষরিত হওয়ার পর হতে ০১/০৬/২০২৩ইং তারিখের পূর্ব পর্যন্ত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ঢাকা ওয়াসার বিলিং সফটওয়ার সহ পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬(১৯৯৬ সালের ৬নং আইন) এর ধারা ৪৯ এ প্রদত্ত ক্ষমতার অধীনে তৈরিকৃত ঢাকা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন (পানি ও পয়:সংযোগ), কর্তৃপক্ষ প্রবিধানমালা, ২০১১ বলে কার্যক্রম পরিচালনা করে আসছিল। কিন্তু ৩১/০৫/২০২৩ইং তারিখ হতে আনুষ্ঠানিকভাবে ঢাকা ওয়াসার বিলিং সফটওয়রের কার্যক্রম বন্ধ করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নামে পানির বিলিং সফটওয়ার তৈরিকরণসহ অনান্য সকল কার্যক্রম চুড়ান্ত করা হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগ পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৪৯ এ প্রদত্ত ক্ষমতার অধীন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন (পানি ও পয়:সংযোগ), কর্তৃপক্ষ প্রবিধানমালা তৈরিপূর্বক সরকারের পূর্বানুমোদন গ্রহণ করে তা কার্যকরী করা আবশ্যক মর্মে প্রবিধানমালা' তৈরী ও অনুমোদন না হওয়া অবধি ১৭ এপ্রিল ২০১১ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী ঢাকা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন (পানি ও পয়:সংযোগ), কর্তৃপক্ষ প্রবিধানমালা, ২০১১ অনুসরণ করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের কার্যক্রম পরিচালনার বিষয়টি পরিষদের মাসিক সভায় উপস্থাপনকরত স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমতি গ্রহণের জন্য পত্র দেয়ার বিষয়ে গত ১৩/০৬/২০২৩ইং তারিখে ৪৬.১৬.০০০০.০২৩.২২.২৩ নং নথিতে কর্তৃপক্ষের অনুমোদন করেন। পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার আদায় বিবরণী নিম্নরূপ:

| বকেয়ার পরিমান | আদায়ের পরিমান | | |
|---|---|---|---|
| | সময়কাল | | মোট আদায় |
| | মে/২০২৩ | জুন/২০২৩ | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ (২+৩) |
| =২২,৯৮,৩০,৪৩১/- (এপ্রিল-২০২৩ পর্যন্ত) | পানির বিল= ১,৬০,৯৭,৮৬১/- | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নিজস্ব পানির বিলের সফটওয়্যার তৈরি করার লক্ষে জুন/২০২৩ইং মাসে আদায় কার্যক্রম করা বন্ধ ছিল। | =১,৬৪,১০,৪১৯/- |
| | গভীর নলকূপের অনুমতি ও নবায়ন ফি= ৩১,০৫০/- | | |
| | ডিমান্ড নোটে জমা= ২,৮১,৫৮০/- | | |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে পানি পরিশোধনাগার উন্নতকরণ, পানি সরবরাহ ব্যবস্থাপনা উন্নয়ন, ত্রুটিযুক্ত পানির লাইন ও বিকল হয়ে যাওয়া পাম্প দ্রুত মেরামত করণ, বকেয়া পানির বিল আদায়ে অভিযান পরিচালনা ও সংশ্লিষ্ট কাউন্সিলরগণের সাথে সমন্বয় করে সমস্যাসমূহ সমাধান করা এবং অবৈধ পানি লাইন সংযোগ বৈধকরণের আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে: পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি -৭: নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ পরিচালনা এবং সেবা প্রদান বিষয়ক আলোচনা।

আলোচনা: ০৭ (১): নগর মাতৃসদন পরিচালনা আলোচনা: ডা. নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, এনসিসি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান- নগর মাতৃসদন হাসপাতাল, বন্দর প্রতিষ্ঠানটি ২০১৩ সালের ডিসেম্বর হতে ADB অর্থায়নে পরিচালিত আরবান প্রকল্পের আওতাধীন PKSP & PPS নামক এনজিও কর্তৃক পরিচালিত হতো। এনজিও প্রতিষ্ঠানের ব্যাপক দুর্নীতি ও অর্থ আত্মসাতের ঘটনা তদন্ত কমিটি কর্তৃক প্রমানীত হওয়ায়, যা গত আগস্ট ২০১৯ সাল হতে সিটি কর্পোরেশন গ্রহন করে এবং নিজস্ব অর্থায়নে পরিচালনা করে আসছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির সেবার পরিধি ও মান বৃদ্ধির লক্ষ্যে আধুনিক অটো এনালাইজার মেশিন, আল্ট্রাসনোগ্রাম মেশিন, প্রিন্টারসহ কম্পিউটার ও হরমোন এনালাইজারসহ বেশ কিছু যন্ত্রাংশ সংযোজন পূর্বক প্রতিষ্ঠানটি পরিচালনায় সিটি কর্পোরেশন ব্যাপক উদ্যোগ নেয়। গত মে/২০২৩ মাস হতে নগর স্বাস্থ্য কেন্দ্র ও নগর মাতৃসদন হাসপাতালে শুধুমাত্র বহিঃবিভাগ সেবা চালু করার পর থেকে গত ০২ মাসে ব্যয় সংকোচনের প্রেক্ষিতে আয় ও ব্যয়ের সামঞ্জস্য পরিলক্ষিত হচ্ছে। নগর স্বাস্থ্য কেন্দ্র ২ ও ৩ এর কার্যক্রম সন্তোষজনক হলেও নগর স্বাস্থ্যকেন্দ্র-১ ও নগর মাতৃসদন তুলনামুলভাবে পিছিয়ে আছে। গত ০২ মাসের আয় ব্যয়ের বিবরণ নিম্নরূপ:

| কেন্দ্রের নাম | আয় | ব্যয় (বেতন+তেল খরচ+অফিস খরচ) | মন্তব্য |
|---|---|---|---|
| নগর মাতৃসদন | ৩,৬৩,৬৮৩/- | ৪,৫১,০৬২/- | ভর্তুকি= ৮৭,৩৭৯/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০১ | ২,৮৪,৩৬০/- | ২,৭৩,৯৮৩/- | উদ্বৃত্ত= ১০,৩৭৭/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০২ | ৫,৮৯,০৯৩/- | ৩,৩০,৩৮৩/- | উদ্বৃত্ত= ২,৫৮,৭১০/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০৩ | ৫,০৩,৫০৯/- | ৪,৭৯,৭০২/- | উদ্বৃত্ত= ২৩,৮০৭/- |
| সর্বমোট | ১৭,৪০,৬৪৫/- | ১৫,৩৫,১৩০/- | মোট উদ্বৃত্ত= ২,০৫,৫১৫/- |